

## তাকওয়া অবলম্বনকারী এক মহিলার বর্ণনা

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ তাকওয়া অবলম্বনকারী এক মহিলার বর্ণনা

একটি হাদীস আহমদ ২/ ৪২১

আবু হুরায়রাহ(রাঃ) বর্ণনা করেন। পূর্বযুগে এক স্বামী ও স্ত্রী বাস করতো। তারা অত্যন্ত দরিদ্র ছিল। তাদের কাছে জীবন ধারণের কিছুই ছিল না। একদা স্বামী সফর হতে ফিরে আসে। সে ক্ষুধার জ্বালায় অত্যন্ত অস্থির হয়ে পড়েছিল। স্ত্রীকে জিজ্ঞেস করলো কোন খাবার আছে কি? স্ত্রী বললেন, আপনি খুশী হন আল্লাহ্ প্রদত্ত খাদ্য আমাদের নিকট এসে পৌঁছেছে। স্বামী বলল, তাহলে নিয়ে এসো। যা

আছে তাই এনে দাও আমি অত্যন্ত ক্ষুধার্ত। স্ত্রী বললঃ আরও একটু ধৈর্য্য ধারণ করুন। মহিলাটি আল্লাহর রহমতের অপেক্ষা করতে লাগলো। যখন আরও কিছু বিলম্ব হয়ে গেল তখন স্বামী আবার বললঃ তোমার কাছে যা কিছু আছে তা নিয়ে আস না কেন? আমি যে ক্ষুধার জ্বালায় অত্যন্ত কষ্ট পাচ্ছি। স্ত্রী বললঃ এত তাড়াহুড়া করছেন কেন? এখনই আমি চুল্লী হতে পাতিল নামিয়ে আনছি। কিছুক্ষণ পর স্ত্রী যখন দেখল যে, স্বামী আবার তাগাদা করতে উদ্যত হচ্ছে তখন সে নিজে নিজে বলতে লাগলো চুল্লী হতে হাঁড়ি উঠিয়ে দেখি তো! উঠে দেখে যে, আল্লাহর অসীম কুদরতে তার ভরসার

click here <http://www.morningbrightness.fi/>  
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

বিনিময়ে বকরীর গোশতে পাতিল পূর্ণ হয়ে আছে এবং আরও দেখে যে, ঘরের যাঁতা ঘুরতে রয়েছে এবং আটা বের হচ্ছে। সে হাঁড়ি হতে সমস্ত গোশত বের করে নিল এবং যাঁতা হতে আটা উঠিয়ে নিল এবং যাঁতা ঝেড়ে ফেলল। আবু হুরায়রাহ (রাঃ) বলেনঃ যার হাতে আবুল কাসেম(সাঃ) এর প্রাণ তাঁর শপথ! মুহম্মদ(সাঃ) বলেছেনঃ যদি সে যাঁতা না ঝাড়ত বরং শুধু আটা নিয়ে নিত তাহলে কিয়ামত পর্যন্ত ঐ যাঁতা ঘুরতে থাকতো।

প্রিয় ভাই ও বোনেরা, জীবিকার জন্য আল্লাহর উপর ভরসা করে তাকওয়া অবলম্বন করাই উত্ত

ম। তিনিই কল্পনাভীত ভাবে আমাদের রিষিক বা জীবিকার ব্যবস্থা করে দেবেন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

.....

click here <http://www.morningbrightness.fi/>  
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>